

একাদশ শ্রেণিতে ভর্তি: আসন সংকট নেই, সংকট ভালো কলেজের

ইত্তেফাক রিপোর্ট

প্রকাশ : ১৪ মে ২০২৪, ০৩:১৫



এসএসসির ফল প্রকাশের উচ্ছ্বাসের মধ্যেই অভিভাবকদের ভর্তি নিয়ে উদ্বেগ শুরু হয়েছে। সন্তানকে কোথায় ভর্তি করবেন তা নিয়ে নানা ভাবনা তাদের। ভালো কলেজ, নাকি বাড়ির পাশের কলেজ— এমন প্রশ্নের উত্তর খুঁজছেন তারা। তবে বেশির ভাগ অভিভাবকই ভালো মানের কলেজ খুঁজছেন, তাদের ধারণা ভালো কলেজে ভর্তি হলে ভালো ফল করা যায়।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

ইতিমধ্যে একাদশ শ্রেণিতে ভর্তির আবেদন শুরুর তারিখ নির্ধারণ করেছে কর্তৃপক্ষ। ২৬ মে থেকে শুরু হতে যাচ্ছে একাদশ শ্রেণিতে ভর্তির আবেদন প্রক্রিয়া। শিক্ষার্থীরা অনলাইনে নির্ধারিত ওয়েবসাইটে একাদশ শ্রেণিতে ভর্তির আবেদন করতে পারবে। এক জন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে তার মেধা, কোটা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে। ভর্তি নীতিমালায় এ বিষয়ে বিস্তারিত তথ্য দেওয়া হবে বলে কর্মকর্তারা জানিয়েছেন।

গত রবিবার এসএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। উত্তীর্ণ হয়েছেন ১৬ লাখ ৭২ হাজার ১৫৩ শিক্ষার্থী। জিপিএ-৫ পেয়েছে মোট ১ লাখ ৮২ হাজার ১২৯ জন শিক্ষার্থী। যারা জিপিএ-৫ পেয়েছে তাদের সবার স্বপ্ন ভালো মানের কোনো কলেজে ভর্তি হওয়া। কিন্তু ভালো মানের কলেজের সংখ্যা কম হওয়ায় জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীরাও পছন্দের কলেজে ভর্তির সুযোগ থেকে বঞ্চিত হতে হবে।

শিক্ষা বোর্ডের কর্মকর্তারা বলছেন, ভালো মানের কলেজের সংকট বরাবরই ছিল। এ কারণেই হাতে গোনা কলেজে ভর্তির জন্য একপ্রকার যুদ্ধ চলে। তবে আশার কথা হলো, যত শিক্ষার্থী পাশ করেছে তার চেয়ে অনেক বেশি আসন রয়েছে। ফলে আসন নিয়ে কোনো সংকট নেই।

সংশ্লিষ্টরা বলছেন, রাজধানীসহ সারা দেশে ২০০ থেকে ২৫০ কলেজ রয়েছে, যেখানে ভর্তির জন্য শিক্ষার্থীদের আগ্রহ থাকে বেশি। এই কলেজগুলোতে প্রায় ১ লাখ আসন রয়েছে। এর মধ্যে বেশ কয়েকটি শিক্ষাপ্রতিষ্ঠানের বিদ্যালয় শাখা আছে। ফলে কলেজে ভর্তির ক্ষেত্রে ঐ প্রতিষ্ঠানের বিদ্যালয় শাখার শিক্ষার্থীরা অগ্রাধিকার পাবে। তাই বাইরের প্রতিষ্ঠানের জিপিএ-৫ পাওয়া অনেক শিক্ষার্থী এসব কলেজে ভর্তির সুযোগ পাবে না। ভিকারুননিসা নূন, রাজউক উত্তরা মডেল কলেজ, আইডিয়ালসহ নামি কলেজগুলোর বিদ্যালয় শাখা রয়েছে। ফলে এসব কলেজে নিজ স্কুল শাখার শিক্ষার্থী ভর্তির পর খুব কমসংখ্যক আসনই শূন্য থাকে। ফলে জিপিএ-৫ পেয়েও ৮০ হাজার শিক্ষার্থী পছন্দের কলেজে ভর্তির সুযোগ পাবে না। এর বাইরে নটর ডেমসহ কয়েকটি প্রতিষ্ঠান নিজস্ব পদ্ধতিতে শিক্ষার্থী ভর্তি করবে।

ভর্তি নিয়ে বেশি চাপ পড়বে ঢাকার কলেজগুলোতে। অনেক শিক্ষার্থীকে তাদের পছন্দের বাইরে কলেজে ভর্তি হতে হবে। ঢাকা শিক্ষা বোর্ড থেকে জিপিএ-৫ পেয়েছে ৪৯ হাজার ১৯০ জন। এছাড়া দেশের অন্যান্য প্রতিষ্ঠান থেকে ভর্তি হওয়ার জন্য ঢাকায় আসবে অনেকেই। অথচ রাজধানীর ভালো কলেজগুলোতে ২০ হাজারের বেশি আসন নেই। ফলে ভর্তিযুদ্ধ হবে মূলত ঢাকাতেই।

শিক্ষা বিভাগের তথ্য অনুযায়ী, সারা দেশে একাদশ শ্রেণিতে আসন রয়েছে ২৫ লাখ। এবার মাধ্যমিকে ১১টি বোর্ড মিলে পাশ করেছে ১৬ লাখ ৭২ হাজার ১৫৩ জন। সে হিসাবেও অন্তত ৮ লাখের বেশি আসন খালি থেকে যাবে।

মনিরুল ইসলাম নামে এক শিক্ষক বলেন, কলেজে ভর্তির জন্য নামি কলেজ খোঁজার কোনো প্রয়োজন নেই। বাড়ির পাশের কলেজকেই পছন্দ করা উচিত। একাদশে ভর্তির পর দুই বছর পড়াশোনায় মনোযোগ দিতে হবে। বাড়ি থেকে দূরে কলেজ হলে আসা যাওয়ার ক্ষেত্রে সময় অপচয় হবে। শারীরিক পরিশ্রমও হবে। এতে পড়াশোনায় ক্ষতি হবে। তাই ভর্তির জন্য বাড়ির পাশের কলেজ পছন্দ করা উচিত।

আমিনুর রহমান নামে এক শিক্ষক বলেন, আবেদনের ক্ষেত্রে শিক্ষার্থীদের উচিত সে কত নম্বর পেয়েছে তার দিকে খেয়াল রাখা। জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থী যদি নির্ধারিত নামি পাঁচটি কলেজে আবেদন করে তাহলে ছিটকে পড়তে হবে। জিপিএ-৫ পেয়েও লাভ হবে না। তাই ভর্তির জন্য এ বিষয়গুলো খেয়াল রাখতে হবে।

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর তপন কুমার সরকার সাংবাদিকদের বলেন, প্রতি বছরের মতো এবার একাদশের আসন নিয়ে কোনো সমস্যা হবে না। শিক্ষার্থীরা যদি নিজ ফল ও নম্বরের দিকে নজর রেখে আবেদন করে তাহলে সমস্যা হবে না।